

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ : ০৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩৪৭-আইন/২০২৩।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২০, ধারা ৬৬ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার খুলনা সিটি কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ১৯৯৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের—

(ক) ক্রমিক নং ৬ ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৬ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৬।	চীফ প্লানিং অফিসার	অনূর্ধ্ব ৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; বা প্রেষণে বদলির মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে: প্লানার/সহকারী প্রকৌশলী হিসাবে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আরবান অ্যান্ড রিজিওনাল প্লানিং বা আরবান অ্যান্ড রুরাল প্লানিং বিষয়ে-
-----	--------------------	------------------	--	---

(২৮৫৮৫)

মূল্য : টাকা ৪.০০

(অ) অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের কিউমুলেটিভ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (সিজিপিএ) সহ স্নাতক (সম্মান) ডিগ্রি; বা

(আ) অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের কিউমুলেটিভ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (সিজিপিএ) সহ স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের কিউমুলেটিভ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (সিজিপিএ) সহ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং

(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, পৌর-কর্পোরেশন বা পৌরসভার সংশ্লিষ্ট পদে অনূন্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।

শ্রেণণে বদলির ক্ষেত্রে:

সমপদমর্যাদার কর্মকর্তার মধ্য হইতে।"; এবং

(খ) ক্রমিক নং ১২ ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১২ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১২। প্লানার/ সহকারী প্রকৌশলী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আরবান অ্যান্ড রিজিওনাল প্লানিং বা আরবান অ্যান্ড রুরাল প্লানিং বিষয়ে—
-------------------------------	------------------	-------------------------	--

(অ) অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের কিউমুলেটিভ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (সিজিপিএ) সহ স্নাতক (সম্মান) ডিগ্রি; বা

- (আ) অনূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের কিউমুলেটিভ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (সিজিপিএ) সহ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং
- (খ) জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত বা অভিজ্ঞতাসম্পন্ন।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহম্মদ ইব্রাহিম
সচিব।